

গ) গোষ্ঠী সঞ্চয়ী বীমা : Group Economy Insurance

এই বীমা সঞ্চয়ের সেবা পদক্ষেপ হিসেবে কাজ করে। নির্দিষ্ট মেয়াদে অথবা চাকুরী হতে অবসরকালীন সময়ে প্রদত্ত প্রিমিয়ামের সম্পূর্ণ কিংবা আংশিক লাভসহ বা লাভ ছাড়া ফেরত পাওয়ার ব্যবস্থা আছে। বীমার মেয়াদের মধ্যে অকাল মৃত্যুতে বীমা অংক পরিশোধ করা হয়।

এই বীমার বৈশিষ্ট্যসমূহ :

- ❖ বীমার প্রবেশকালীন বয়সসীমা : ১৮ থেকে ৬০ বছর (ক্ষেত্র বিশেষে ৬৫ বছর)
- ❖ গোষ্ঠী বীমার সদস্য সংখ্যা : ২০ জন থেকে তদূর্ধ্ব
- ❖ চুক্তির মেয়াদ : ৫, ১০, ১৫, ২০ ও ২৫ বছর
- ❖ বীমা অংক : বীমা গ্রহিতার প্রস্তাব অনুযায়ী বীমা অংক নির্ধারণ করা হয়
- ❖ প্রিমিয়াম প্রদ্বতি : বার্ষিক
- ❖ সহযোগী বীমা : এ বীমার সাথে কিছু অতিরিক্ত প্রিমিয়াম প্রদান সাপেক্ষে সহযোগী বীমা সুবিধা নেয়া যেতে পারে। এতে দুর্ঘটনাজনিত মৃত্যুতে বীমা অংকের দ্বিগুণ সুবিধা (DIAB) এবং বীমা অংকের দ্বিগুণ সুবিধাসহ অঙ্গহানী ক্ষতিপূরণ সুবিধা (PDAB) ও গুরুব্যাধী বীমা (CIB) সুবিধা পাওয়া যাবে।

এই বীমার সুবিধাসমূহ :

- ১। এই বীমার প্রিমিয়ামের হার অনেক কম।
- ২। গোষ্ঠীভুক্ত সদস্যের মৃত্যুতে পূর্ব নির্ধারিত বীমা অংক পরিশোধ করা হয় এবং মেয়াদ পর্যন্ত বেঁচে থাকলে জমাকৃত সম্পূর্ণ (১০০%) প্রিমিয়াম লাভসহ বা লাভ ছাড়া ফেরত দেওয়া হয়।
- ৩। গ্রুপভুক্ত সদস্যের মৃত্যুতে দ্রুত বীমা দাবী পরিশোধ করা হয়।
- ৪। এ পরিকল্পনে বীমা চলাকালীন সময়ে বীমা অংকের পরিবর্তন ও বীমা চুক্তি থেকে অব্যাহতি নেয়ার সুযোগ রয়েছে।
- ৫। এ পরিকল্পনে পলিসির সমর্পণ মূল্য পাওয়া যায়।
- ৬। এ বীমার প্রিমিয়াম আয়কর মুক্ত।